

২০১৬

বাংলা

প্রথম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রপ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

- ১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সাধারণ পরিচয় দাও এবং বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে কাব্যটির গুরুত্ব পর্যালোচনা করো।

৮+৮

অথবা

বিদ্যাপতিকে মধ্যযুগের 'কবি সার্বভৌম' অভিধা দানের কারণ কী? অবাঙালী এই কবি বাংলা সাহিত্যে চর্চিত হল কেন? বৈষ্ণব পদাবলী সাহিত্যকে তিনি কীভাবে সমৃদ্ধ করেছেন?

৩+৫+৮

- ২। বাংলা মঙ্গলকাব্যগুলি সৃষ্টির প্রেক্ষিত সম্পর্কে আলোচনা করো। ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' অভিধায় অভিহিত করার কারণ কী? এবং তা কতদূর যুক্তিসঙ্গত? ৬+৫+৫

অথবা

বাংলা সাহিত্যের ইতিহাসে অষ্টাদশ শতাব্দীকে অবক্ষয়ের যুগ বলা হয় কেন? এই যুগের বিশিষ্ট সাহিত্যিকীর্তিগুলির পরিচয় দাও। ৪+১২

- ৩। চৈতন্য রেনেশাঁস বলতে কী বোঝ? মধ্যযুগের বাংলা সাহিত্যে চৈতন্যের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৬+১২

অথবা

টীকা লেখো (যে কোনো তিনটি) : ৩×৬

- (ক) কৃত্তিবাসের আত্মবিবরণী ;
 (খ) প্রাকৃত পৈঙ্গল ;
 (গ) শ্রীকৃষ্ণবিজয় ;
 (ঘ) গোরক্ষবিজয় ;
 (ঙ) মহারাষ্ট্র পুরাণ ;
 (চ) সদুক্তিকর্ণামৃত।

দ্বিতীয়ার্থ

[মান—৫০]

- ৪। বাংলা গদ্যসাহিত্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান পর্যালোচনা করো। ১৬

অথবা

বাংলা সাহিত্যের বিকাশে বাংলা সংবাদপত্র ও সাময়িক পত্রের ভূমিকা পর্যালোচনা করো। ১৬

- ৫। বিহারীলাল চক্রবর্তীর কবি-স্বভাব বিশ্লেষণ করে উনিশ শতকের বাংলা কবিতার ধারায় তাঁর দান সম্পর্কে আলোচনা করো। ৬+১০

অথবা

মধুসূদনের নাট্যকৃতির পরিচয় দাও এবং বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব বিচার করো। ১০+৬

- ৬। রবীন্দ্র কাব্য সাহিত্যের বিবর্তনের একটি সংক্ষিপ্ত ইতিবৃত্ত রচনা করো। ১৮

অথবা

টীকা লেখো (যে-কোনো তিনটি) :

৩x৬

- (ক) সখের নাট্যশালা ;
- (খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ;
- (গ) রোমাঞ্চ ও উপন্যাস ;
- (ঘ) চেতনা প্রবাহী উপন্যাস ;
- (ঙ) মহাকাব্য ;
- (চ) প্রহসনকার অমৃতলাল ।